

## 💵 কুরআন-সুন্নাহর আলোকে ইসলামী আকীদা

বিভাগ/অধ্যায়ঃ পঞ্চম অধ্যায়: অবিশ্বাস ও বিভ্রান্তি রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৫. ২. ৩. ২. ৯. কাউকে রাবব বা আব্দ বলা

আমরা ইতোপূর্বে উল্লেখ করেছি যে, জাগতিক ও আপেক্ষিক অর্থে মহান আল্লাহ ছাড়া অন্য কাউকে 'অমুকের পালনকর্তা', মালিক বা মনিব অর্থে 'অমুকের 'রাবব' বলা যায়। অনুরূপভাবে জাগতিক দাসত্ব অর্থে একজনকে অন্যের 'আন্দ' অর্থাৎ বান্দা, দাস বা চাকর বলা যায়। তবে এরূপ শব্দ ব্যবহার না করতে হাদীস শরীফে নির্দেশ দেওয়া হয়েছে। কারণ এতে শব্দের মধ্যে শিরক হয়ে যায়, যদিও বিশ্বাসে শিরক না থাকে। আবৃ হুরাইরা (রাঃ) বলেন, রাসূলুল্লাহ (ৠহ্র) বলেছেন:

لَا يَقُلْ أَحَدُكُمْ أَطْعِمْ رَبَّكَ وَضِيِّئُ رَبَّكَ اسْقِ رَبَّكَ وَلْيَقُلْ سَيِّدِي مَوْلايَ وَلا يَقُلْ أَحَدُكُمْ عَبْدِي أَمَتِي ـ كُلُّكُمْ عَبِيدُ اللَّهِ لَا يَقُلْ أَحَدُكُمْ أَطْعِمْ رَبَّكَ وَضِيِّئُ رَبَّكَ اسْقِ رَبَّكَ وَلْيَقُلْ سَيَدِي مَوْلايَ وَلا يَقُلْ أَلِسَائِكُمْ إِمَاءُ اللَّهِ ـ وَلْيَقُلْ فَتَايَ وَفَتَاتِي وَغُلامِي

"তোমাদের কেউ (মালিককে 'রাবব' বলবে না), বলবে না: তোমার রাববকে খাবার দেও, তোমার রাববকে ওযূ করাও, তোমার রাববকে পানি পান করাও। বরং সে যেন (মালিককে) সাইয়েদী অর্থাৎ আমার নেতা, মাওলাইয়া অর্থাৎ আমার অভিভাবক বলে। আর তোমাদের কেউ (নিজের দাস বা চাকরকে) 'আমার বান্দা' বা আমার বান্দি বলবে না, কারণ তোমরা সকলেই তো আল্লাহর বান্দা এবং তোমাদের সকল নারীই তো আল্লাহর বান্দি। বরং বলবে: আমার যুবক বা ছেলে, আমার যুবতী বা মেয়ে বা আমার বালক।"[1]

এভাবে আমরা দেখছি যে, মালিককে রাবব বলা এবং দাস বা চাকরকে 'বান্দা' বলা মূলত বৈধ হলেও শব্দের শিরকের কারণে রাসূলুল্লাহ (ﷺ) তা বর্জন করতে উৎসাহ দিয়েছেন।

এভাবে আমরা দেখছি যে, সাধারণ শব্দ ব্যবহারের মধ্যেও অনেক আদব ও শিরকের বিষয় রয়েছে, যা শিরক আকবার না হলেও শিরক আসগর বলে গণ্য হতে পারে। এ জন্য রাসূলুল্লাহ (ﷺ) শিরক থেকে সতর্ক থাকতে এবং সর্বদা শিরক থেকে তাওবা করতে নির্দেশ দিয়েছেন। আবৃ মূসা আশ'আরী (রাঃ) বলেন, রাসূলুল্লাহ (ﷺ) বলেছেন:

## ফুটনোট



- [1] বুখারী, আস-সহীহ ২/৯০১; মুসলিম, আস-সহীহ ৪/১৭৬৪-১৭৬৫।
- [2] আহমদ, আল-মুসনাদ ৪/৪০৩; মাকদিসী, আল-আহাদীস আল-মুখতারাহ ১/১৫০; হাইসামী, মাজমাউয যাওয়াইদ ১০/২২৩-২২৪; আলবানী, সাহীহুত তারগীব ১/৯। হাদীসটির সনদ হাসান।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=13704

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন